কালের কণ্ঠ

তারিখ ২৮.OCT. 2015
পৃষ্ঠা ১৭ কলাম ২

# ইসরায়েলকে বর্জনের ঘোষণা দিলেন ব্রিটিশ শিক্ষাবিদরা

কালের কণ্ঠ ডেস্ক ▷

পত্রিকার পাতাজুড়ে বিজ্ঞাপন দিয়ে ইসরায়েলের সব বিশ্ববিদ্যালয়ের সঙ্গে সম্পর্ক ছিন্ন করার ঘোষণা দিয়েছে যুক্তরাজ্যের শিক্ষাবিদদের একটি দল। ইসরায়েলের বিরুদ্ধে মানবাধিকার লঙ্ঘনের অভিযোগ এনে তাঁরা এ ঘোষণা দেন।

গার্ডিয়ান পত্রিকার পাতায় দেওয়া বিজ্ঞাপনের শিরোনাম 'ফিলিস্তিনিদের মানবাধিকার রক্ষায় যুক্তরাজ্যের শিক্ষাবিদদের একটি অঙ্গীকার'। যুক্তরাজ্যের ৭২টি প্রতিষ্ঠানের ৩৪৩ জন শিক্ষাবিদ একাট্টা হয়ে ইসরায়েলি বিশ্ববিদ্যালয়গুলোর বিরুদ্ধে এ অবস্থান নিয়েছেন। বিজ্ঞাপনে বলা হয়, 'ফিলিস্তিনি ভূখণ্ডে ইসরায়েলের অবৈধ দখলে আমরা অত্যন্ত ক্ষুব্ধ।' ফিলিস্তিনে ইসরায়েলের মানবাধিকার লঙ্ঘন কোনোভাবেই সহ্য করা যায় না বলে উল্লেখ করা হয়েছে বিজ্ঞাপনে।

ব্রিটিশ শিক্ষাবিদরা আরো জানান, তাঁরা ইসরায়েলের আমন্ত্রণে সেখানকার কোনো শিক্ষাপ্রতিষ্ঠানে যাবেন না। সূত্র : এএফপি।